# প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষা, ২০১৭

# বিষয়: ইসলাম ও নৈতিক শিক্ষা

সময়— ২ ঘণ্টা ৩০ মিনিট; পূর্ণমান— ১০০

*[দ্রষ্টব্য : দক্ষিন পাশে উল্লিখিত সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক।]*

**১। সঠিক উত্তরটি উত্তরপত্রে লেখ :** ১ × ৫০ = ৫০

**১. ভালো কাজ করলে আখিরাতে পাওয়া যাবে—**

(ক) দুধের নহর (খ) মধুর নহর (গ) চিরশান্তি (ঘ) আমলনামা

**২. সূরা 'আল-কুরাইশ' এ আল্লাহ 'কুরাইশ' বলতে বুঝিয়েছেন—**

(ক) ব্যক্তিকে (খ) জাতিকে (গ) বংশকে (ঘ) ভীতিকারীকে

**৩. আখিরাতের জীবন শুরু হয় কখন থেকে?**

(ক) হাশর (খ) মিজান (গ) কিয়ামত (ঘ) মৃত্যুর পর

**৪. পুণ্যের আমলনামা ভারী করার শ্রেষ্ঠ উপায়—**

(ক) হাসিমুখে কথা বলা (খ) নেক কাজ বেশি করা

(গ) সময়মতো কাজ করা (ঘ) বড়দের সম্মান করা

**৫. আল্লাহর সহিত সরাসরি যোগাযোগের শ্রেষ্ঠ ইবাদত—**

(ক) সাওম (খ) সালাত (গ) হজ্জ (ঘ) যাকাত

**৬. সমাজে শান্তি বিরাজমান রাখার প্রকৃষ্ট পন্থা—**

(ক) দুর্নীতিরোধ (খ) চুরিরোধ (গ) সততা চর্চা (ঘ) সময়ানুবর্তিতা

**৭. সূর্যাস্তের সাথে সাথে তুমি কোন নামায আদায় কর?**

(ক) ফজর (খ) মাগরিব (গ) এশা (ঘ) তারাবি

**৮. দৈনিক পাঁচবার জামাতে সাথে সালাত প্রতিষ্ঠা করলে বাড়বে—**

(ক) সম্মান (খ) পরিচিতি (গ) ভ্রাতৃত্ব (ঘ) গৌরব

**৯. "শরীকা আক্তার" সালাতে সিজদাহর সময় মাথা রাখবে, হাঁটুর—**

(ক) দূরে (খ) উপরে (গ) কাছে (ঘ) পাশে

**১০. অন্যের দ্বারা ক্ষতিগ্রস্ত হলে মুসলমান হিসেবে তোমার করণীয়—**

(ক) জরিমানা আদায় (খ) শাস্তি প্রদান

(গ) এড়িয়ে যাওয়া (ঘ) সহিষ্ণু হওয়া

**১১. মহানবি (স.) মক্কা ছেড়ে যাওয়ার সময় অশ্রুভেজা চোখে বারবার মক্কার দিকে তাকাচ্ছিলেন কেন?**

(ক) সম্পদের টানে (খ) আত্মীয়দের টানে

(গ) দেশপ্রেমের জন্য (ঘ) অভিমানে

Teachingbd24.com

https://teachingbd24.com

১২. আমরা পিতা-মাতার সাথে খারাপ আচরণ করব না, কারণ–
(ক) প্রতিবেশী মন্দ বলবে
(খ) আত্মীয়রা মন্দ বলবে
(গ) কুরআনে নিষেধ
(ঘ) তাঁরা কষ্ট পাবেন

১৩. ঘূর্ণিঝড়ের সময় বন্ধুর বাড়ি ভেঙে গেলে তুমি যা করবে–
(ক) সহায়তা (খ) দুশ্চিন্তা (গ) পরামর্শ (ঘ) কান্নাকাটি

১৪. তোমার জন্মভূমি শত্রু দ্বারা আক্রান্ত হলে তুমি যা করবে–
(ক) আত্মগোপন (খ) পালিয়ে যাব (গ) রক্ষার চেষ্টা (ঘ) নীরব থাকব

১৫. সহপাঠী তোমার সাথে অন্যায় আচরণ করলে তুমি যে গুণটি প্রদর্শন কর–
(ক) ক্ষমা (খ) সততা (গ) নিষ্ঠুরতা (ঘ) বিচক্ষণতা

১৬. তোমার কাছে কেউ কুরআন তিলাওয়াত শিখতে চাইলে প্রথমেই তুমি কী শিখাবে?
(ক) হরফের মাখরাজ
(খ) আয়াতের অর্থ
(গ) ওয়াক্‌ফ
(ঘ) গুন্নাহ

১৭. শুদ্ধভাবে কুরআন তিলাওয়াতের জন্য অবশ্যই জানতে হবে–
(ক) মাদ্দ (খ) গুন্নাহ (গ) তাজবিদ (ঘ) মাখরাজ

১৮. বিপদের সময় সর্বপ্রথম কার সাহায্য চাওয়া উচিত?
(ক) শিক্ষকের (খ) মাতাপিতার (গ) সৃষ্টিকর্তার (ঘ) প্রতিবেশীর

১৯. শুদ্ধভাবে কুরআন তিলাওয়াত করতে হলে আয়াত শেষে তোয়া (ط) চিহ্ন দেখলে, তুমি কী কর?
(ক) থেমে যাই
(খ) মিলিয়ে পড়ি
(গ) পড়তে থাকি
(ঘ) দমে না কুলালে থামি

২০. কেউ অসাবধানতাবশত পানির ট্যাপ পুরোপুরি বন্ধ না করলে তুমি কী করবে?
(ক) বড়দের জানাব
(খ) বন্ধুকে বলব
(গ) নিজে বন্ধ করব
(ঘ) এড়িয়ে যাব

২১. তোমার সহপাঠী কেউ পেনসিল কুড়িয়ে পেল, তা তোমার না হলে কী করবে?
(ক) দাবি জানাবে
(খ) মালিককে খুঁজবে
(গ) ফেলে দিবে
(ঘ) কিছুই করবে না

২২. "লাকুম দীনুকুম ওয়ালিয়া দীন" এই আয়াতে 'ওয়ালিয়া দীন' কী বোঝানো হয়েছে?
(ক) কোরাইশ বংশ
(খ) ইসলাম ধর্ম
(গ) মানবধর্ম
(ঘ) মুশরিক জাতি

২৩. "আল্লাহু বাসিরুন" জেনে তুমি যা কর–
(ক) বই পড়ি (খ) বাগান করি (গ) ওয়াদা রক্ষা (ঘ) মর্যাদা রক্ষা

২৪. বিতর সালাত আদায়ে দোয়া কুনুত বাদ পড়লে তুমি কোন কাজটি করবে?
(ক) রুকু করব (খ) সিজদা করব (গ) সালাম ফিরাব (ঘ) সাহু সিজদাহ

Teachingbd24.com

২৫. আখলাকের দৃষ্টান্ত স্থাপনে তুমি কী কর?
(ক) মিতব্যয়ী হই (খ) পরিষ্কার-পরিচ্ছন্ন থাকি
(গ) সত্য কথা বলি (ঘ) হালাল খাবার খাই

২৬. বিমান দুর্ঘটনায় একজন যাত্রী প্রাণে বেঁচে গেল কারণ আল্লাহ–
(ক) সর্বদ্রষ্টা (খ) সর্বশক্তিমান (গ) সহনশীল (ঘ) সর্বশ্রোতা

২৭. অপরাধীকে আল্লাহ সাথে সাথে শাস্তি দেন না, কারণ তিনি–
(ক) সর্বদ্রষ্টা (খ) সর্বশ্রোতা (গ) সর্বশক্তিমান (ঘ) অতি সহনশীল

২৮. পরকালে জান্নাত পেতে তুমি অবশ্যই যা কর–
(ক) দান (খ) গজল শুনি
(গ) অধিক নেক কাজ (ঘ) মুনাজাত

২৯. সালাত আদায়ে মহানবি (স.)-এর শেখানো নিয়ম অনুসরণ করব, কারণ তা–
(ক) সুন্নত (খ) নফল (গ) ওয়াজিব (ঘ) ফরজ

৩০. নিসাব পরিমাণ টাকা থাকলে বছরান্তে প্রতি একশ টাকার যাকাত কত দিবে?
(ক) তিন টাকা (খ) আড়াই টাকা (গ) দুই টাকা (ঘ) দেড় টাকা

৩১. বাড়ির সামনে ফাঁকা যায়গায় যথোপযুক্ত ব্যবহার নিশ্চিত করতে তুমি কী করবে?
(ক) ময়লা আবর্জনা ফেলব (খ) বেড়া দিয়ে সংরক্ষণ করব
(গ) ফুল ও সবজির বাগান করব (ঘ) বায়ু প্রবাহের জন্য খালি রাখব

৩২. সূরা 'আল-ফিল' সালাতে পড়তে চাইলে কখন পড়বে?
(ক) ছানা পাঠের পূর্বে (খ) সূরা ফাতিহার পরে
(গ) ছানা পাঠের পরে (ঘ) সূরা ফাতিহার পূর্বে

৩৩. তুমি ক্ষুদে ডাক্তারের দায়িত্ব পেলে কীভাবে তা পালন করবে?
(ক) হেসে খেলে (খ) সুযোগ বুঝে (গ) দ্রুততার সাথে (ঘ) সততার সাথে

৩৪. কবরের আজাব হতে রক্ষা পাওয়ার উপায়–
(ক) সওয়াল-জওয়াব জানা (খ) পাপ থেকে বিরত থাকা
(গ) কুরআন শরিফ পড়া (ঘ) কুরবানি করা

৩৫. নিজেকে উত্তম হিসেবে প্রতিষ্ঠিত করতে প্রয়োজন–
(ক) অর্থ (খ) চাকরি (গ) সদাচার (ঘ) সৌন্দর্য

৩৬. সমাজে বিশৃঙ্খলা দেখা দিলে তুমি কী করবে?
(ক) এড়িয়ে যাবে (খ) উৎসাহ দেবে
(গ) শান্তির প্রচেষ্টা চালাবে (ঘ) অন্যত্র পলায়ন করবে

৩৭. সহপাঠীদের মধ্যে ইমানের দাওয়াত পৌঁছাতে তুমি কী কর?
(ক) নফল রোজা রাখি (খ) নিয়মিত সালাত আদায় করি
(গ) আল্লাহর একত্ববাদের কথা বলি (ঘ) কুরআন তেলাওয়াত করে শোনাই

Teachingbd24.com

৩৮. সর্বোত্তম পরিচ্ছন্নতার জন্য তুমি যা কর—

(ক) ওযু (খ) গোসল (গ) মিসওয়াক (ঘ) তায়াম্মুম

৩৯. ধনী-দরিদ্র সকল মুসলমান ফরজ হিসেবে পালন করি—

(ক) হজ (খ) যাকাত (গ) সালাত (ঘ) কুরবানি

৪০. জহিরুল সাহেব নামাজের শুরুতে আল্লাহু আকবর বলে হাত উঠাবে—

(ক) কান বরাবর (খ) কাঁধ বরাবর (গ) কপাল বরাবর (ঘ) বুক বরাবর

৪১. খালিক শব্দের অর্থ কী?

(ক) পালনকর্তা (খ) সৃষ্টিকর্তা (গ) রিজিকদাতা (ঘ) দয়ালু

৪২. হজের ফরজ কয়টি?

(ক) ৩টি (খ) ৪টি (গ) ৫টি (ঘ) ৭টি

৪৩. পাঁচ ওয়াক্ত সালাতে কত রাকাত ফরজ?

(ক) ১৬ রাকাত (খ) ১৫ রাকাত (গ) ১৭ রাকাত (ঘ) ১৯ রাকাত

৪৪. হুদায়বিয়ার সন্ধি কত বছরের জন্য হয়?

(ক) ১০ বছর (খ) ১২ বছর (গ) ১১ বছর (ঘ) ১৩ বছর

৪৫. বিরাম চিহ্নকে কী বলা হয়?

(ক) মাখরাজ (খ) ওয়াক্‌ফ

(গ) ওয়াকফ জায়েজ (ঘ) ওয়াক্‌ফ মুজওয়াজ

৪৬. দেশপ্রেম অর্থ কী?

(ক) দেশকে ভালোবাসা (খ) দেশে বাস করা

(গ দেশের গান করা (ঘ) দেশকে দেখা

৪৭. হযরত বায়েজিদ বোস্তামী (র.) কোথাকার অধিবাসী ছিলেন?

(ক) ইরান (খ) ইরাক (গ) মিশর (ঘ) লিবিয়া

৪৮. হযরত সুলায়মান (আ.) এর পিতার নাম কী?

(ক) হযরত ঈসা (আ.) (খ) হযরত দাউদ (আ.)

(গ) হযরত মুসা (আ.) (ঘ) হযরত ইবরাহিম (আ.)

৪৯. মহানবি (স) কত খ্রিস্টাব্দে জন্মগ্রহণ করেন?

(ক) ৫২২ খ্রি. (খ) ৫৭০ খ্রি. (গ) ৬১০ খ্রি. (ঘ) ৬২২ খ্রি.

৫০. মানুষের অধিকারকে কী বলা হয়?

(ক) মানবতা (খ) মানবাধিকার (গ) মানবধর্ম (ঘ) মানবজাতি

২। নিচের প্রশ্নগুলোর উত্তর সংক্ষেপে উত্তরপত্রে লেখ : ১ × ১৫ = ১৫

(ক) কীসের মাধ্যমে নবি-রাসুলগণ জ্ঞানলাভ করেছেন?

Teachingbd24.com

https://teachingbd24.com

(খ) "আল্লাহ সর্বশক্তিমান"-এর একটি দৃষ্টান্ত লেখ।

(গ) রাসুলদের প্রতি বিশ্বাস স্থাপন করবে কেন?

(ঘ) সবসময় পরিষ্কার-পরিচ্ছন্ন থাকা উচিত কেন?

(ঙ) পরিবেশ সংরক্ষণ করা প্রয়োজন কেন?

(চ) তিলাওয়াতের ক্ষেত্রে গুন্নাহ করা অপরিহার্য কেন?

(ছ) মহানবি (স.) মক্কাবাসীদের ক্ষমা করার কারণ কী?

(জ) কারো কাছ থেকে ধার নিলে তুমি কী করবে?

(ঝ) আমলনামায় পুণ্য বাড়াতে তুমি কী কর?

(ঞ) দেশকে ভালোবাসার উপায় কী?

(ট) ইসলামের রুকন কয়টি ও কী কী?

(ঠ) ইবাদত শব্দের অর্থ কী?

(ড) সালাতের ওয়াজিব কয়টি?

(ঢ) আখিরাত মানে কী?

(ণ) কুরআন মজিদের ভাষা কী?

৩। (ক) থেকে (জ) পর্যন্ত যেকোনো ছয়টি এবং (ঝ) ও (ঞ) থেকে একটি নিয়ে মোট সাতটি প্রশ্নের উত্তর লেখ : ৫ × ৭ = ৩৫

(ক) কিয়ামতের ভয়াবহতা জেনে তুমি কোন কাজগুলো থেকে বিরত থাকবে? পাঁচটি বাক্যে লেখ। ৫

(খ) নিজেকে কীভাবে পরিষ্কার-পরিচ্ছন্ন রাখ? পাঁচটি বাক্যে লেখ। ৫

(গ) তুমি তোমার বিদ্যালয়ে কীভাবে সহনশীলতা প্রদর্শন করবে? পাঁচটি বাক্যে লেখ। ৫

(ঘ) তাজবিদ কী? মাখরাজের চারটি ব্যবহার লেখ। ১ + ৪ = ৫

(ঙ) হযরত নূহ (আ.) কত দিন আল্লাহর দীনের দাওয়াত দেন? তাঁর সময় আল্লাহর গজবের চারটি কারণ লেখ। ১ + ৪ = ৫

(চ) তুমি কীভাবে মসজিদের আদব রক্ষা কর? পাঁচটি বাক্যে লেখ। ৫

(ছ) সদাচার কী? সকলের ঘৃণা হতে রক্ষা পেতে তুমি কী কর? চারটি বাক্যে লেখ। ১ + ৪ = ৫

(জ) হযরত ইবরাহীম (আ)-এর জন্মস্থান কোথায়? তাঁর জীবনাদর্শ থেকে তুমি কী শিক্ষা গ্রহণ করবে চারটি বাক্যে লেখ। ১ + ৪ = ৫

(ঝ) কী কী উপায়ে দেশের প্রতি ভালোবাসা প্রকাশ করা যায়? পাঁচটি বাক্যে লেখ। ৫

(ঞ) আখিরাত জীবনের পাঁচটি গুরুত্বপূর্ণ বিষয় লেখ। ৫

Teachingbd24.com